ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ
Email: commercial@dewbn.gov.bd, Web: www.dewbn.gov.bd

ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ

দরপত্র (সীমিত)

দরপত্র অনুসন্ধান নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৬-২৭.১০০১

তারিখ ১১ নভেম্বর ২০২৬ ইং

ডকুমেন্ট বিক্রয় মূল্য বিনা মূল্যে ফ্রি

মেসার্স _____

_____

_____

**অত্র প্রতিষ্ঠানে শিপবিল্ডিং শেড-২ এ স্থাপিত ওভার হেড ক্রেন VERLINDE OVERHEAD ELECTRIC TRAVELLING CRANE, CAPACITY-25 TON, NOS-02 মেরামত অপারেশনাল ও ব্যবহার উপযোগী কাজ সম্পন্ন করণ প্রসঙ্গে**

## চুক্তির শর্ত

আমি/আমরা উপরে উল্লেখিত কাজের জন্য টেন্ডার জমা দিচ্ছি এবং নিচে বর্ণিত চুক্তির যাবতীয় শর্ত মেনে চলার অঙ্গীকার করছি ঃ

১। **দরপত্র বন্ধের তারিখ ও সময় ঃ**
দরপত্র গ্রহন করার সময় - ২:১৫ বেলা তারিখ ১৭ নভেম্বর ২০২৬

২। **দরপত্র জমা দেওয়ার স্থান ঃ** ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ এর গেটে রাখা টেন্ডার বক্সে।

ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বিএন, নারায়ণগঞ্জ এর প্রধান ফটকে রক্ষিত টেন্ডার বাক্সে নিজে অথবা প্রতিনিধি মারফত জমা করা যেতে পারে। দরপত্র ডাক যোগে পাঠানো যেতে পারে তবে তাহা নির্ধারিত তারিখে ও সময়ের মধ্যে টেন্ডার খামে জমা হতে হবে।

৩। **দরপত্র খোলার তারিখ এবং সময় ঃ** উপস্থিত দরদাতাগন অথবা তাদের মনোনীত প্রতিনিধি, যদি কেউ উপস্থিত থাকেন, তাদের সম্মুখে দরপত্র বন্ধের পর ২:৩০ সময় তারিখে ১৭ নভেম্বর ২০২৬ ইং খোলা হবে।

৪। **দরপত্র সীলিং এবং মার্কিং ঃ**

ক। দরপত্র ডবল ইনভেলাপের ভিতর এবং বাহিরে উভয়ের উপরে সীল মোহর সহ ম্যানেজিং ডাইরেক্টর, ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বিএন, সোনাকন্দা, নারায়ণগঞ্জ এই ঠিকানায় দাখিল করতে হবে।

খ। বাইরের ইনভেলাপে টেন্ডার নং, খোলার তারিখ এবং সময় উল্লেখ করতে হবে। ভিতরের ইনভেলাপে দরপত্র প্রেরকের পুরা নাম, ঠিকানা এবং টেলিফোন নং লিখতে হবে যাতে দেরিতে প্রাপ্ত এবং অগ্রহনযোগ্য দরপত্র প্রেরকের নামে ফেরৎ পাঠানো যেতে পারে।

গ। যদি বাইরের ইনভেলাপে উক্ত নিয়মকানুন মোতাবেক যথোপযুক্ত সীল এবং সম্বোধন না থাকে তাহলে দরপত্র খোয়া যাওয়া বা সময়ের পূর্বে খোলার জন্য ক্রেতা দায়ী থাকবে না।

ঘ। কাজের বিবরণে দরের পরিমান কোম্পানীর নিজস্ব প্যাডে উল্লেখ করতে হবে।

৫। **কাজের স্পেসিফিকেশনঃ** শিপবিল্ডিং শেড-২ এ স্থাপিত ওভার হেড ক্রেন মেরামত কাজ, ভারপ্রাপ্ত প্রকৌশলীর নির্দেশ ও সন্তুষ্টি মোতাবেক সম্পন্ন করতে হবে এবং টেষ্ট/ ট্রায়াল করে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, নারায়ণগঞ্জ কে বুঝিয়ে দিতে হবে। ওভার হেড ক্রেন মেরামত কাজ, যা স্পেসিফিকেশন মোতাবেক হয় নাই, তা ঠিকাদারকে নিজ খরচে পুনরায় নতুন ভাবে করতে হবে। ওভার হেড ক্রেনটির ত্রুটি মেরামত কাজ সম্ভব না হলেও বর্তমান অবস্থা হতে অধিকতর ত্রুটি অর্থাৎ Controller, Sensors এবং Safety device অক্ষুন্ন রেখে বিষয়টি নিশ্চিত করতে হবে।

৬। **কাজের তদারকি ঃ** কাজ চলাকালে যে কোন সময় ভারপ্রাপ্ত প্রকৌশলী তা তদারকি করতে পারবেন। স্বাভাবিক কার্যদিবস চলাকালীন সময়ে বা পূর্বের অনুরোধ সাপেক্ষে যে কোন সময়ে ঠিকাদার স্বয়ং বা তার কোন দায়িত্বশীল প্রতিনিধি, ভারপ্রাপ্ত প্রকৌশলীর নিকট হতে আদেশ এবং নির্দেশ গ্রহনের জন্য বা কাজের পরিমান জানার জন্য প্রস্তুত থাকবে।

৭। **কাজের অভিজ্ঞতা ঃ** সংশ্লিষ্ট ঠিকাদারকে ওভার হেড ক্রেনে কাজের পূর্ব অভিজ্ঞতা সংক্রান্ত সনদ (কার্য সমাপ্তি) সনদ উপস্থাপন করতে হবে।

Dockyard & Engineering Works Ltd. Bangladesh Navy Date.....

৮। **জামানতের টাকা ঃ** টেন্ডার জমা দেওয়ার সময় ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ এর নামে সম্পূর্ণ মূল্যের উপর ৩% আর্নেষ্ট মানি হিসাবে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। সফলভাবে কার্য শেষ করার পর জামানতের টাকা ফেরৎ দেওয়া হবে এবং এই জামানত টাকার উপর কোন সুদ দেওয়া হবে না (তালিকভূক্ত সরবরাহকারি/ঠিকাদারদের জন্য প্রযোজ্য নহে)।

৯। **নিরাপত্তা জামানত ঃ** সফল/ সর্বনিম্ন দরদাতা কার্যাদেশ প্রাপ্তির পূর্বে ১০% নিরাপত্তা জামানত হিসাবে **ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কর্স লিঃ** এর নামে পে-অর্ডার/ ব্যাংক গ্যারান্টি প্রদান করতে হবে। যা গ্রহণযোগ্যতার তারিখ হতে ০১ (এক) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

১০। **ওয়ারেন্টি ঃ** ওভার হেড ক্রেন মেরামত এবং অপারেশনাল কাজের জন্য অবশ্যই গ্রহণযোগ্যতার তারিখ হতে ০১ (এক) বছরের ওয়ারেন্টি প্রদান করতে হবে।

১১। **কাজ শুরু এবং শেষ করার সময় ঃ** কার্যাদেশ পাওয়ার তারিখ হতে ০৩(তিন) দিনের মধ্যে অবশ্যই কাজ শুরু করতে হবে এবং কাজ শুরুর ১৫ (পনের) দিনের মধ্যে কাজ শেষ করতে হবে। যদি ঠিকাদার নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করতে না পারেন তাহলে ক্ষতির দায়দায়িত্ব এর জন্য কাজের সর্বমোট মূল্যের ০.৫০% হিসাবে প্রতিদিন দেরির জন্য টাকা কর্তন করা হবে। ঠিকাদার যদি কাজের শুরু থেকে সন্তোষজনক অগ্রগতি না দেখাতে পারেন তাহলে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ আংশিক বা সম্পুর্ণ কার্যাদেশ বাতিল করতে এবং জামানতের টাকা বাজেয়াপ্ত করতে পারবেন। এসব ক্ষেত্রে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ কর্তৃক ঠিকাদারের ক্ষতির কোন রকম দাবি গ্রাহ্য করা হবে না।

১২। **সময় বাড়নো ঃ** ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ ঠিকাদারের নিকট থেকে কাজের সময় বাড়ানোর জন্য সংগত কারণসহ লিখিত আবেদন পাইলে অথবা কোন অনিবার্য্য কারণ বসতঃ (যেমনঃ কাজের পরিমান বাড়ানো হইলে বা কাজের মধ্যে কোন পরিবর্তন হইলে অথবা কোন প্রাকৃতিক বা রাজনৈতিক কারণে) নিজেদের বিবেচনা অনুসারে কাজ শেষ করার সময়সীমা বাড়াইতে পারবেন।

১৩। **পেমেন্ট পদ্ধতি ঃ** ওভার হেড ক্রেনের মেরামত এবং অপারেশনাল করার কাজ সন্তোষজনক ভাবে সম্পন্ন হলে এবং ব্যবহার উপযোগী বিবেচনায় টেষ্ট/ ট্রায়াল সন্তোষজনক হলে ঠিকাদার বিল কার্য সমাপ্তি প্রত্যয়ন পত্র প্রাপ্তি সাপেক্ষে সম্পন্নকৃত কাজের ৮০% বিল পরিশোধ করা হবে। অবশিষ্ট ২০% বিল ৩ মাস সন্তেষজনকভাবে ক্রেনটি ব্যবহার উপযোগী বিবেচনায় চালানোর পর প্রদান করা হবে।

১৪। **কার্য সমাপ্ত প্রত্যয়ন পত্র ঃ** কাজ শেষ করার পর ঠিকাদার নিজ দায়িত্বে কাজের এলাকা পরিস্কার করবেন অতপর ভারপ্রাপ্ত প্রকৌশলী ঠিকাদারকে এই মর্মে প্রত্যয়ন পত্র দিবেন যে, ঠিকাদার সন্তোষজনকভাবে কাজ শেষ করেছেন এবং কাজের জায়গা পরিস্কার করেছেন।

১৫। **কাজের অনুক্রম (প্রোগ্রাম) ঃ** কার্যাদেশ পাওয়ার পর ঠিকাদার ভারপ্রাপ্ত প্রকৌশলীর নিকট একটি সিডিউল দাখিল করবেন এবং তা অবশ্যই ভারপ্রাপ্ত প্রকৌশলীকে দিয়ে অনুমোদন করে নিবেন।

১৬। **ক্ষতি বা দূর্ঘটনার জন্য খেসারত ঃ** কাজ করার সময় যদি ঠিকাদারের নিজের, তার কর্মচারীর বা শ্রমিকের কোন রকম দূর্ঘটনা ঘটে তার জন্য ঠিকাদার সম্পুর্ন দায়ী থাকবেন। এ সমস্ত দূর্ঘটনাজনিত খেসারত, যা যা প্রচলিত আইনানুসারে ক্ষতিগ্রস্থ দাবিদারের প্রাপ্য তা ঠিকাদারকে পরিশোধ করতে হবে। কাজ চলাকালে কাজের কারণে কোন দূর্ঘটনা হলে তার পূর্ণ দায়িত্ব ঠিকাদারের উপর বর্তাবে। এছাড়া ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ এর বা কোন তৃতীয় ব্যক্তির কোন জিনিস খোয়া/হারানো গেলে সেই ধরনের ক্ষতির পরিমান এবং দায়ী ব্যাক্তি তদন্ত সাপেক্ষে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ বা কোন আদালত দ্বারা নির্ধারিত হবে। উল্লেখিত ক্ষতির জন্য ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ অথবা আদালত কর্তৃক ঠিকাদারকে দায়ী করা হলে ঠিকাদার ক্ষতি পূরণের সমস্ত দায়দায়িত্ব গ্রহণ করবেন এবং ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষকে সর্ম্পূণ দায়মুক্ত রাখবেন।

১৭। ঠিকাদার কোন ধরনের শৃঙ্খলা/ আইন/ রাষ্ট্র বিরোধী কার্যকলাপ/ সাজাপ্রাপ্ত, পলাতক আসামী ইত্যাদি নিয়োজিত করতে পারবেন না।

১৮। ভারপ্রাপ্ত প্রকৌশলী যদি ঠিকাদারের কোন লোককে যে কোন কারণে অত্র প্রতিষ্ঠানে কাজের জন্য অনুপযুক্ত বা অবাঞ্চিত মনে করেন, তাহা হলে ঠিকাদার উক্ত ব্যক্তিকে অত্র প্রতিষ্ঠানের কাজে নিয়োগ করতে পারবেন না।

১৯। ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ নিজেদের বিবেচনানুসারে কাজের পরিমান বাড়াতে বা কমাতে, পরিবর্তন/ রুপান্তর করতে বা কাজের যে কোন আইটেম বাদ দিতে পারবেন। এসব ক্ষেত্রে কাজ কম/ বৃদ্ধির আনুপাতিক হার হিসাব করে ঠিকাদারের সাথে আলোচনা মাধ্যমে নতুন দর/ মূল্য নির্ধারণ করা হবে।

২০। নির্মাণ/ মেরামত কাজের জন্য প্রয়োজনীয় পানি/বিদ্যুৎ/ মেশিনারিজ সরবরাহ ঠিকাদারকে নিজ খরচে বহন করতে হবে। প্রয়োজন অনুসারে বিকল্প ভাবে অত্র প্রতিষ্ঠান হতে নির্ধারিত দরে (বিদ্যুৎ বিভাগের দর + ১৫%) ব্যবহার করা যাবে।

২১। ওভার হেড ক্রেনের মেরামত কাজের সকল যন্ত্রপাতি (যদি প্রয়োজন হয়) ঠিকাদার নিজ খরচে সরবরাহ ও পরিচালনার ব্যবস্থা করবেন।

২২। কাজের ব্যাপারে কোন মতবিরোধ দেখা দিলে সে ক্ষেত্রে অত্র প্রতিষ্ঠান প্রধান (এমডি মহোদয়) মতামতই চুড়ান্ত বলে বিবেচিত হবে এবং তা ঠিকাদার মেনে নিতে বাধ্য থাকবেন।

Dockyard & Engineering Works Ltd. ★ Bangladesh Navy ★ Date

২৩। অত্র প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরপত্রের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশে উল্লেখিত দর বৃদ্ধির দাবি গ্রহণযোগ্য হবে না এবং ঠিকাদার তার প্রস্তাবিত দরের উপর ভিত্তি করে প্রদত্ত কার্যাদেশের অধীনে সমস্ত কাজ শেষ করবেন। এই দরপত্রের সঙ্গে সংযুক্ত Specification এ বর্ণিত সমস্ত কাজ ঠিকাদার কর্তৃক প্রস্তাবিত দরে সম্পন্ন করতে হবে। এ ক্ষেত্রে ঠিকাদারকে অবশ্যই তার উদ্বৃত দর/মূল্য বহাল থাকার সময়সীমা উল্লেখ করতে হবে।

২৪। ঠিকাদারকে কার্যস্থল পরিদর্শন পূর্বক সকল প্রকার ভ্যাট এবং ট্যাক্স, প্রাথমিক খরচসহ পূর্ণাঙ্গ টেন্ডার দর দাখিল করতে হবে।

২৫। ঠিকাদার প্রতি পৃষ্ঠায় অবশ্যই স্বাক্ষর করবেন।

২৬। কাজ সম্পন্ন করার পর মোট টাকার উপর প্রচলিত আইনানুসারে মুসক এবং Advance Income Tax (AIT) কর্তন করা হবে।

'আমি/আমরা উপরে উল্লেখিত চুক্তির যাবতীয় শর্তাবলী মেনে স্বাক্ষর করলাম।

মোস্তফা কামাল
কমান্ডার বিএন
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

**দরদাতার স্বাক্ষর ও সীল**

পূর্ণ ঠিকানা

ফোন নং----------
মোবাইল নং----------
তারিখ----------

**অত্র প্রতিষ্ঠানে শিপবিল্ডিং শেড-২ এ স্থাপিত ওভার হেড ক্রেন VERLINDE OVERHEAD ELECTRIC TRAVELLING CRANE, CAPACITY-25 TON, NOS-02 এর মেরামত অপারেশনাল ও ব্যবহার উপযোগী কাজের বিবরণ**

সূত্রঃ

ক। মেইনটেন্যান্স শপের আন্ত-বিভাগীয় নোট নং- ডিইডব্লিউ/মেইনটেন্যান্স-৫২/২০২৬ তারিখ ০১ অক্টোবর ২০২৬।

| ক্রঃ নং | কাজের বিবরণ | একক | পরিমান | একক মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|---|
| ১ | **SPECIFICATION OF CRANE:**<br>Verlinde overhead electric travelling Cranes (Qty-02)<br>Brand: Verlinde<br>Model: Main hoist Model: VT508216×31KFS740 5KMC20MM (25T)<br>AUX. Hoist model: VT402116×31EFS740 5KMC20MM (5T)<br>Type: Double Girder Electric Overhead Travelling Crane.<br>Capacity: 25 ton on main hook. 5 Ton on aux hook.<br>Lifting Height: 20 meter<br>Country of origin: France<br><br>**ASSESSMENT OF DEFECT AND TROUBLESHOOTING:**<br>1. Long travel motor and drive calibration.<br>2. Brake system inspection, torque verification, calibration, and rectification.<br>3. Limit sensor inspection and functional calibration<br>4. Long travel trolley wheel alignment check and rectification.<br>5. Gear oil replacement based on operating condition.<br>6. Replacement of long travel motor damper/bush, where degraded.<br>7. Lubrication of all critical moving and load-bearing components.<br>8. Brake shoe inspection and corrective adjustment.<br>9. Inspection and Correction of Crane Runway Rail Alignment (Long Travel) Inspection, measurement, and mechanical correction of crane runway rail alignment to ensure proper wheel-rail interaction and load distribution. For crane runways supported on steel structures, rectification shall be limited to localized welding repair on crane rails, if cracks or defects are detected.<br><br>a. All services and spares required for this job on repairs & operational use will be provided by the suppliers.<br>b. 01 Year warranty for trouble free services.<br>c. Supply item must be from OEM/OEM distributors.<br>d. Necessary certificate from OEM verification to be provided. | Qty | 02 | | |
| | **ভ্যাট ও ট্যাক্সসহ সর্বমোট টাকা** | | | | |

কথায়ঃ

**দরপত্র কমিটির স্বাক্ষর**

বাণিজ্যিক শাখা | হিসাব রক্ষণ শাখা | ব্যবহারকারী

Dockyard & Engineering Works Ltd. Bangladesh Navy Date

আমরা সমস্ত শর্তাবলী মেনে নিলাম।

ঠিকাদারের সাক্ষর
ভ্যাট নিবন্ধন নং-
এরিয়া কোড নং-
টিআইএন নং-